



1. Dist. SPC P.S. Mahigara Year 2021 FIR No. 601/2021 Date 02-07-2021
 2. Act IPC Sections 505 (Para-II) IPC Sections IPC
 (iii) Act Sections (iv) Others Acts & Sections

3. (a) Occurrence of Offence : Day 27 June - 2021 Date From 27 June - 2021 Date To
 Time Period Time From Time To

(b) Information received at P.S. Date 02-07-2021 Time 16.45 hr.
 (c) General Diary Reference : Entry No(s) 85 Time 16.45 hr.

4. Type of Information : Written / Oral

5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. 3 km East. Beat No.
 (b) Address Indrapally P.S. Mahigara Dist. DSH.

(c) In case outside limit of this Police Station, then the Name of the P.S. N/A. District

6. Complainant / Informant :
 (a) Name Nripendra Barman
 (b) Father's / Husband's Name S/O Lt Debendra Nath Barman
 (c) Date / Year of Birth : (d) Nationality Indian
 (e) Passport No. X Date of Issue X Place of Issue X
 (f) Occupation
 (g) Address Indrapally P.S. Mahigara Dist - DSH.

7. Details of known / suspected / unknown accused with full particulars (Attach separate sheet, if necessary) : Accd. Suniti Nandy

8. Reasons for delay in reporting by the Complainant / Information

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

10. Total value of properties stolen / involved

11. Inquest Report / U.D. Case No., if any

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is enclosed here with

13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed LPSI Yachana Pradha of Mahigara Police Station investigation / refused investigation / transferred to P.S. PS/SPE jurisdiction. FIR read over to the Complainant/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.

14. Signature / Thumb impression of the Complainant / Informant
 Signature of the Officer-in-Charge, Police Station Arjun Chatterjee
 Name Arjun Chatterjee

RAJBANSHI JANACHETANA MANCHA

Sibmandir, Siliguri mob: 84366 25114

Ref. No. 01/RJM/21

Date 02.07.2021

মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক

মাটিগাড়া থানা, শিলিগুড়ি, জেলা দার্জিলিং

বিষয় - ভারতীয় দণ্ডবিধির ১৫৩এ/২৯৫এ/৫০৫(২) ধারা অনুসারে এফ আই আর ।

মহাশয়,

সবিনয় নিবেদন এই যে, আমি রাজবংশী জনচেতনা মঞ্চের সভাপতি শ্রী নৃপেন্দ্রনাথ বর্মণ, পিতা মৃত দেবেন্দ্রনাথ বর্মণ, ইন্দিরাপল্লী একটি অত্যন্ত স্পর্শকাতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

গত ২৭ জুন ২০২১ তারিখে উত্তরবঙ্গ সংবাদের ২নম্বর পৃষ্ঠার শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের প্রথম কলামে 'পাত্র চাই' শিরোনামে সুনীতা নন্দী (Sunita Nandy) নামে একজন একটি বিজ্ঞাপন প্রকাশ করেন। (বিজ্ঞাপনে দেওয়া দুটো ফোন নম্বরে অনেকবার ফোন করলেও তিনি ফোন ধরেননি। টু কলারে 'সুনীতা নন্দী' নামটি পাওয়া গেছে।) বিজ্ঞাপনে তিনি লেখেন - 'পাত্রী ক্ষত্রিয় (মল্ল) বর্মণ (রাজবংশী নয়)... জলপাইগুড়ি নিবাসী পাত্রীর জন্য... স্বঃ/ অসবর্ণ (রাজবংশী চলবে না) উপযুক্ত... পাত্র কাম্য।'

আমাদের দেশে অজস্র জাতি, ধর্ম ও বর্ণের মানুষের বাস। শুধু কাস্ট-এর (Caste) সংখ্যাই তিন সহস্রাধিক এবং সাব-কাস্ট-এর সংখ্যা অন্তত পঁচিশ হাজার। একজন ব্যক্তি কোন ধর্ম বা জাতি/বর্ণের মানুষের সঙ্গে বৈবাহিক সম্পর্কে আবদ্ধ হবেন, সেটা তার ব্যক্তিগত পছন্দ ও অধিকারের মধ্যে পড়ে। তাতে সাধারণ মানুষের কোনোকিছু যায় আসে না। কিন্তু 'রাজবংশী নয়' বা 'রাজবংশী চলবে না' বলে বিজ্ঞাপনদাতা/দাত্রী উদ্দেশ্যপ্রণোদিতভাবে 'রাজবংশী' শব্দটি দু-দুবার ব্যবহার করে রাজবংশী জাতিকে বিশেষভাবে হয়ে প্রতিপন্ন করেছেন।

দ্বিতীয়ত, তিনি কেন শুধুমাত্র একটি জাতির কথা উল্লেখ করে 'রাজবংশী চলবে না' লিখেছেন, তাঁর এই জাতিবিদ্বেষমূলক আপত্তির কারণ আমাদের বোধগম্য হয়নি। এতে কি মনে হয়না যে, ভারতের যে কোনো জাতি ও বর্ণের পাত্র হলেও কোনো অসুবিধা নেই, শুধু রাজবংশীতেই তাঁর আপত্তি? আমরা মনে করি, উক্ত বিজ্ঞাপনের এই ভাষা সংবিধানবিরোধী; রাজবংশী জাতির পক্ষে অত্যন্ত অবমাননাকর। একটি দৈনিক পত্রিকায় এই ভাষায় বিজ্ঞাপন প্রকাশ করে তিনি ইচ্ছাকৃতভাবে জনমানসে রাজবংশী মানুষের প্রতি ঘৃণা ছড়ানোর কাজই শুধু করেননি, তিনি রাজবংশী জাতির আবেগকে আঘাত করেছেন।

রাজবংশী জাতির গৌরবময় ইতিহাস আছে। তাঁদের ঐতিহ্যবাহী ভাষা ও সংস্কৃতি এদেশের ভাষা ও সংস্কৃতিকে পরিপুষ্ট করেছে। সমাজের নানাক্ষেত্রে তাঁদের কৃতিত্ব ও অবদানের স্বাক্ষর ছড়িয়ে রয়েছে। উক্ত সুনীতা নন্দী তার অবমাননা করেছেন। এতে রাজবংশী জাতির মানুষের মধ্যে দেশের সর্বত্র যথেষ্ট ক্ষোভের সঞ্চার হয়েছে। রাজবংশী জাতির মানুষ হিসেবে আমরাও অপমানিত বোধ করছি।

অতএব মহাশয়ের নিকট বিনীত প্রার্থনা, এই বিষয়ে সরেজমিনে-তদন্তপূর্বক উপরিউক্ত ধারা মোতাবেক উক্ত বিজ্ঞাপনদাতা/দাত্রী সুনীতা নন্দী তথা দোষী ব্যক্তি/ব্যক্তিদের বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন।

আবেদনের সঙ্গে ১। বিজ্ঞাপনের কপি ২। টু কলার থেকে পাওয়া বিজ্ঞাপনদাতার/দাত্রীর নাম ।

নিবেদন ইতি

(শ্রী নৃপেন্দ্রনাথ বর্মণ)

স্বাক্ষর

ঠিকানা ও ফোন নম্বর

Nripendra Nath Barman
Received on 02/07/2021 at 16:45h
Vide GDE NO 85 DT 02/07/2021 CW
Stated Mahigara PS case NO
601/2021 DT 02.07.2021 MS
Sibmandir

Indrapally, P.O. Kadamtala
Siliguri, Dist. Darjeeling.

PH. NO. 8436625114

Officer in Charge